



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ ফেব্রুয়ারি' ২০২৪ খ্রি.

চসিক মেয়রের সাহসী উদ্যোগ

চসিকের অভিযানে হকারমুক্ত হলো নিউমার্কেটের সড়ক ও ফুটপাথ

চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাহসী উদ্যোগে চট্টগ্রামের ইতিহাসের সবচেয়ে বড় উচ্ছেদ অভিযানে বৃহস্পতিবার নগরের ব্যস্ততম নিউমার্কেট এলাকার সড়ক ও ফুটপাথ হকারমুক্ত হয়েছে।

এসব ফুটপাথ উদ্বার করে পথচারীদের চলাচল নির্বিঘ্ন করতে গত ৩০ জানুয়ারি সিটি কর্পোরেশনের মাসিক সভায় ব্যাপক অভিযান চালানোর ঘোষণা দিয়েছিলেন মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

অভিযান সম্পর্কে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, নিউমার্কেট মোড়ের হকার উচ্ছেদ এক শ্রেণীর চাঁদাবাজদের কারণে খুবই কঠিন। এ চাঁদাবাজদের কারণে মানুষ স্বত্ত্বে হাটতে পারতনা, সড়কে জ্যাম লেগে থাকত।

“আমি সাহস করে এবং নিজের উপর ঝুঁকি নিয়ে চট্টগ্রামের ইতিহাসের সবচেয়ে বড় এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেছি। উদ্বার হওয়া জায়গা রক্ষায় কাঁটাতারের বেড়াও দিয়েছি। পাশাপাশি উদ্বার হওয়া জায়গায় নিয়মিত মনিটরিং চলবে। কোন হুমকি, ধার্মকি বা প্রলোভনে কাজ হবেনা। যে জনগণ আমাকে ভোট দিয়ে নির্বাচিত করেছে তাদের স্বার্থে কাজ করে যাব।”

চসিক মেয়রের একান্ত সচিব আবুল হাশেম জানান, বৃহস্পতিবার সাতজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সকাল ১০টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত অভিযান চালিয়ে পুরাতন রেল স্টেশন থেকে শুরু করে নিউ মার্কেট ও জিপিও এলাকার ফুটপাথ থেকে হকারদের উচ্ছেদ করে চসিক। এ সময় প্রায় ২৫০ পুলিশ, ৩০ জন র্যাব সদস্য, ২০০ শ্রমিক, বিপুল সংখ্যক চসিকের নিরাপত্তাকর্মী, আনসার অংশ নেন। অভিযানে সড়ক ও ফুটপাথে হকারদের বাঁশ, চৌকি, খাট, টেবিল জৰু করে চসিকের গাড়িতে তোলা হয়।

“অবৈধভাবে দোকানপাট, অননুমোদিত স্থাপনা গড়ে পথচারীদের চলাচলে বিঘ্ন ও যানজট সৃষ্টি হচ্ছে। তাই অভিযান পরিচালনা করা হচ্ছে। জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।”

৪ কোটি টাকায় ১০টি গোলচত্তুর করছে চসিক

৪ কোটি টাকায় ১০টি গোলচত্তুর নির্মাণ কাজের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার নয়াবাজার মোড়ে গোলচত্তুর (রাউন্ডএবাউট) নির্মাণকালে মেয়র রেজাউল করিম বলেন, নগরীর ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়ন, সড়ক দুর্গতিন ভ্রাসের পাশাপাশি সড়কের সৌন্দর্য বর্ধনের জন্য আমরা ১০টি গোলচত্তুর নির্মাণ করব। নয়াবাজার মোড়ে গোলচত্তুর নির্মাণের মাধ্যমে এ কার্যক্রম শুরু করেছি। সাগরিকা, অলংকার, সল্টগোলা ক্রসিং, সিমেন্ট ক্রসিং, কাঠগড়, চকবাজার, অঙ্গীজেন এবং বহুদারহাটে বাকী ৯টি গোলচত্তুর নির্মাণ করা হবে।

“আমি দায়িত্ব নেয়ার পর পিসি রোডের কাজ থমকে ছিল। আমি সেসময় দিন-রাত পরিশ্রম করে পিসি রোডের কাজ শেষ করেছি। অলিতে গলিতে সব প্রয়োজনীয় সড়ক নির্মাণ করছি। মনোযোগ দিয়েছি ফুটপাথ উদ্বারে। আমার দায়িত্বকালেই নগরবাসী সড়ক অবকাঠামোয় দৃশ্যমান পরিবর্তন দেখবো।”

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর মো. ইসমাইল, নুরুল আমিন, মো. ইলিয়াছ, হরে আরা বিউটি, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, আনোয়ার জাহান।

বইমেলা শুরু হচ্ছে শুক্রবার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে শুক্রবার (৯ ফ্রেব্ৰুয়ারি) বিকাল ৫টায় সিআরবির শিরীষতলায় অমর একুশে বই মেলা শুরু হচ্ছে। মেলা শেষ হবে ২ মার্চ। মেলার উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার কৃষ্ণ পদ রায়, জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, বাংলাদেশ রেলওয়ের (পূর্বাঞ্চল) মহাব্যবস্থাপক মোহাম্মদ নাজমুল ইসলাম।
সভাপতিত্ব করবেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম।

এই আয়োজনের বিভিন্ন দিনে রবীন্দ্র উৎসব, নজরুল উৎসব, লোক উৎসব, মরমি উৎসব, বসন্ত উৎসব, তারঁণ্যের উৎসব, নৃগোষ্ঠী উৎসব, শিশু উৎসব, লেখক সমাবেশ, যুব উৎসব, নারী উৎসব, চাটগাঁ উৎসব, মুক্তিযুদ্ধ উৎসব, পেশাজীবী সমাবেশ, কবিতা আবৃত্তি ও ছড়া উৎসব, স্বল্পদৈর্ঘ্য চলচিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, গুণজন সংবর্ধনা, সম্মাননা পদক এবং সাহিত্য পুরস্কার প্রদান অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮